

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর(এইচইডি)
প্রধান প্রকৌশলীর কার্যালয়
১০৫-১০৬, মতিঝিল বা/এ, ঢাকা।


স্মারক নং-এইচইডি/প্রশাঃ/ইনোভেশন/২২৪/২০১৫/ ৪৪৭

তারিখ : ০২/০২/২০১৭

বিষয় : স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের লক্ষ্যে ইনোভেশন টিমের সভার কার্যবিবরণী প্রেরণ প্রসংগে।

জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের লক্ষ্যে স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের ইনোভেশন কমিটির গত ০২/০২/২০১৭

খ্রিঃ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো।


০২/০২/২০১৭
(এ কে এম আমিনুল ইসলাম)
পরিচালক (উপ-সচিব)
ও
ইনোভেশন অফিসার
স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর।

বিতরণ কার্যার্থে :-

- ১। জনাব মোঃ আলমগীর কবির, নির্বাহী প্রকৌশলী, এইচইডি, প্রধান কার্যালয়।
- ২। জনাব মোঃ আব্দুল হামিদ, নির্বাহী প্রকৌশলী (তড়িৎ), এইচইডি, প্রধান কার্যালয়।
- ৩। জনাব মোঃ হামিদুল হক খান, সহকারী প্রকৌশলী/প্লান অফিসার, এইচইডি, প্রধান কার্যালয়।
- ৪। জনাব আয়েশা মাহেনুর আফরোজ, সহকারী প্রকৌশলী, এইচইডি, প্রধান কার্যালয়।
- ৫। জনাব মুহম্মদ আসাদুল্লাহ, এন্টিমেটর (তড়িৎ), এইচইডি, প্রধান কার্যালয়।
- ৬। জনাব সৈয়দ মোঃ হাবিবুর রহমান, হিসাব রক্ষণ কর্মকর্তা, এইচইডি, প্রধান কার্যালয়।
- ৭। জনাব সুলতান মাহমুদ জাকির হোসেন, প্রশাসনিক কর্মকর্তা, এইচইডি, প্রধান কার্যালয়।

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

- ১। সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
দৃষ্টি আকর্ষণ : জনাব মোহাম্মদ নাসির উদ্দিন, উপ- সচিব, প্রশাসন-৪ (মনিটরিং ও সমন্বয়) অধিশাখা।
- ২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পিএন্ডএ), এইচইডি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ৩। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, এইচইডি, সার্কেল-১/২/৩/৪।
- ৪। নির্বাহী প্রকৌশলী, প্রকল্প ব্যবস্থাপনা ক/খ, এইচইডি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ৫। সহকারী প্রধান স্থপতি, এইচইডি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ৬। নির্বাহী প্রকৌশলী, এইচইডি, (সকল) বিভাগ।
- ৭। প্রধান প্রকৌশলী মহোদয়ের ব্যক্তিগত সহকারী, এইচইডি, প্রধান কার্যালয়, ঢাকা।

স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের লক্ষ্যে ইনোভেশন টিমের সভার কার্যবিবরণী

সভাপতি : এ কে এম আমিনুল ইসলাম
পরিচালক, স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ঢাকা।
সভার স্থান : সভাকক্ষ, এইচইডি, প্রধান কার্যালয়, ঢাকা।
সভার তারিখ ও সময় : ০২/০২/২০১৭ খ্রিঃ, সময় : ১০.৩০ ঘটিকা।

সভায় উপস্থিত সদস্যগণের তালিকা পরিশিষ্ট 'ক' তে সন্নিবেশিত করা হলো।

১। সভাপতি মহোদয় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। এ পর্যায়ে তিনি সভার পটভূমি তুলে ধরেন। অতঃপর তিনি ইনোভেশন টিমের সদস্য জনাব মোঃ আব্দুল হামিদ, নির্বাহী প্রকৌশলী (তড়িৎ), এইচইডি, প্রধান কার্যালয় কে বিস্তারিত তথ্য উপস্থাপনের জন্য অনুরোধ জানান।

২। জনাব মোঃ আব্দুল হামিদ, নির্বাহী প্রকৌশলী (তড়িৎ) জানান যে, অত্র দপ্তরের স্মারক নং-২৮৮৮, তারিখ : ২৫/০৭/২০১৬ খ্রিঃ এর মাধ্যমে স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের ইনোভেশন টিম পুনঃগঠন করা হয়। গত ২৫/০৭/২০১৬ খ্রিঃ তারিখে ইনোভেশন টিমের সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় ইনোভেশন কর্ম পরিকল্পনা প্রণয়ন ও তা মন্ত্রণালয়ে প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। সে অনুযায়ী গত ০২/০১/২০১৭ খ্রিঃ তারিখে স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের ২০১৭ সালের উদ্ভাবন কর্ম পরিকল্পনা প্রস্তুত করা ও তা মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়।

সভায় জানানো হয় যে, স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের ২০১৭ সালের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম পরিকল্পনায় উদ্ভাবনী উদ্যোগ হিসেবে মোট ৮টি এ্যাকশন আইটেম হাতে নেয়া হয়েছে। এর মধ্যে ৩টি এ্যাকশন আইটেমের কাজ আংশিকভাবে চালু হয়েছে। ইনোভেশন সংক্রান্ত বিষয়টি নতুন হওয়ায় এ ব্যাপারে একটি প্রশিক্ষণের আয়োজন করা যেতে পারে।


এ পর্যায়ে সভাপতি মহোদয় অভিমত ব্যক্ত করেন যে, কর্ম পরিকল্পনা অনুযায়ী অবশিষ্ট এ্যাকশন আইটেমের কাজ শুরু করতে হবে। এ জন্য তিনি স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের সার্কেল ও বিভাগীয় কার্যালয়সমূহে ইনোভেশন সংক্রান্ত কার্যক্রম গ্রহণের উপর গুরুত্ব আরোপ করেন। সেবা প্রক্রিয়া সহজীকরণের লক্ষ্যে নতুন নতুন আইডিয়া প্রণয়নের লক্ষ্যে সার্কেল ও বিভাগীয় কার্যালয়সমূহে ইনোভেশন টিম গঠন করা যেতে পারে।

৩। সভায় বিস্তারিত আলোচনান্তে সর্ব সম্মতিক্রমে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়।

সিদ্ধান্ত :

- স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের ২০১৭ সালের উদ্ভাবন কর্মপরিকল্পনা অনুযায়ী নির্ধারিত সময়সীমার মধ্যে সকল কাজ শেষ করতে হবে।
- স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের সার্কেল ও বিভাগীয় পর্যায়ে ইনোভেশন টিম গঠন করা যেতে পারে।
- স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের জন্য উদ্ভাবন বিষয়ে প্রশিক্ষণ কর্মশালা আয়োজন করা যেতে পারে।
- কর্মপরিকল্পনা অনুযায়ী এ্যাকশন আইটেমের কাজসমূহ বাস্তবায়নের লক্ষ্যে ইনোভেশন টিমকে আরও সক্রিয়ভাবে কাজ করতে হবে।

৪। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।


02/02/2017
এ কে এম আমিনুল ইসলাম
পরিচালক (উপ-সচিব)
ও
ইনোভেশন অফিসার
স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর।